

দুটি সন্তানের বেশি নয়  
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

২০/১১/১৯  
০২/১১/১৯

স্মারক নং-পপ/প্র-ই/শৃং(শা-২)/১৮৬/২০১৭/ ৪৭৪

তারিখঃ ০২/১১/১৯  
০২/১১/১৯

বিষয়ঃ ফৌজদারী মামলায় আইন শৃংখলা বাহিনী কর্তৃক গ্রেফতার হয়ে বিজ্ঞ আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণের তথ্যাদি প্রেরণ প্রসংগে।

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে কর্মরত কর্মচারীদের বিরুদ্ধে ফৌজদারী মামলায় আইন শৃংখলা বাহিনী কর্তৃক গ্রেফতার হয়ে বিজ্ঞ আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণের তথ্যাদি যথাসময়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরে প্রেরণ করা হয় না। বিষয়গুলো ৩/৪ মাস বা তারও অধিক সময় পরে অধিদপ্তরকে অবহিত করা হয়।

০২। বি এস আর ১ম খন্ডের বিধি ৭৩ অনুযায়ী বিজ্ঞ আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণের তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত করার বিধান রয়েছে। যথাসময়ে মাঠ পর্যায় থেকে প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ না করায় এরূপ ক্ষেত্রে সময় উপযোগী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয় না। এতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে যা সুশাসনের পরিপন্থীও।

০৩। এ সকল তথ্যাদি তাৎক্ষণিকভাবে ফ্যাক্স/ইমেইল/ডাকযোগে ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল।

০৪। এমতাবস্থায়, ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে তথ্যাদি প্রেরণে অপারগতার জন্য দায়ী কর্মকর্তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হ'ল।

বিষয়টি অতীব জরুরী।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।

শেখ মোঃ শামীম হকবাব  
অতিরিক্ত সচিব  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
ও  
পরিচালক (প্রশাসন)  
ফোনঃ ৯১৪৬১২৮।

তারিখঃ ০২/১১/১৯  
০২/১১/১৯

স্মারক নং-পপ/প্র-ই/শৃং(শা-২)/১৮৬/২০১৭/ ৪৭৪/১ (১২৫০)

অনুলিপি সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল :

- ১। অতিরিক্ত সচিব (জনসংখ্যা ও পরিবার কল্যাণ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক/ লাইন ডাইরেক্টর (সকল) ..... পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ৩। পরিচালক (এমআইএস), এ অধিদপ্তর। তাঁকে ডিজিএফপি'র ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
- ৪। পরিচালক (সকল), পরিবার পরিকল্পনা, বিভাগ .....।
- ৫। তত্ত্বাবধায়ক, মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা-১২০৫।
- ৬। পরিচালক, মোহাম্মদপুর ফাটিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার এবং ১০০ শয্যা বিশিষ্ট মা ও শিশু স্বাস্থ্য হাসপাতাল, মোহাম্মদপুর, ঢাকা।
- ৭। অধ্যক্ষ, পরিবার পরিকল্পনা পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা।
- ৮। উপপরিচালক (সকল), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, জেলাঃ.....।
- ৯। সহকারী পরিচালক (পার-১), এ অধিদপ্তর।
- ১০। মেডিকেল অফিসার (ক্লিনিক) (সকল), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, জেলাঃ.....।
- ১১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)/ মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল), উপজেলাঃ....., জেলাঃ.....।
- ১২। অফিস কপি।

এ.কে.এম. রোকনুজ্জামান  
সহকারী পরিচালক (পার-২)।